# দলীয় ছত্রছায়ায় চাঁদাবাজি নয়, কঠোর অবস্থানে সরকার: ববি হাজ্জাজ



সংগৃহীত ছবি

মোহাম্মদপুর ও আদাবর এলাকায় ছিনতাই, চাঁদাবাজি এবং কিশোর গ্যাংয়ের উৎপাত রোধে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষা প্রতিমন্ত্রী ও ঢাকা-১৩ আসনের সংসদ সদস্য ববি হাজ্জাজ। তিনি বলেন, রাজনৈতিক পরিচয় ব্যবহার করে কেউ যেন অবৈধ সুবিধা নিতে না পারে, সে বিষয়ে সরকার স্পষ্ট অবস্থানে রয়েছে।

রোববার (২২ ফেব্রুয়ারি) সকালে রাজধানীর ধানমন্ডির একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন দলীয় নেতাকর্মীদের খোঁজ নিতে গিয়ে তিনি এসব কথা বলেন। তিনি আরও জানান, আইনশৃঙ্খলা রক্ষায় প্রশাসনকে সক্রিয় রাখা হয়েছে এবং অপরাধ দমনে কঠোর নজরদারি অব্যাহত থাকবে।

LENS ASIA